মুজিবনগরে মৎস্য সপ্তাহ উপলক্ষে র্যালী,পোনা অবমুক্তকরন ও আলোচনা সভা

মুজিবনগরে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে র্যালি,জলাশয়ে মাছের পোনা অবমুক্তকরন ও আলোচনা সভা করেছে মুজিবনগর সিনিয়র উপজেলা মৎস্য অফিস।

রবিবার সকাল সাড়ে নয়টার দিকে মৎস্য সপ্তাহের ২য় দিনে এ উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালিটি মুজিবনগর উপজেলা পরিষদ চত্বর থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে পুনরায় পরিষদ চত্বরে এসে শেষ হয়।

র্যালী শেষে উপজেলা পরিষদ অডিটরিয়মে মৎস্য সপ্তাহ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম। উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকারের সন্চালনায় অন্যদের মুজিবনগর থানার পুলিশ পরিদর্শক(তদন্ত) শরিফুল ইসলাম,উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, সমাজসেবা অফিসার আব্দুর রব,উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,উপজেলা স্বাস্থ কমপ্লেক্স এর আবাসিক মেডিকেল অফিসার(আরএমও) ডাঃ মাহমুদুর রহমান শিমুল প্রমুখ উপস্থিত ছিলেন।

এর আগে ভবরপাড়া মিশন পুকুরে মাছের পোনা অবমুক্তকরনের মধ্যে দিয়ে মৎস্য সপ্তাহের উদ্বোধন করা হয়।